

## ৪৮০ তম স্কাউট লিডার বেসিক কোর্সের সমাপনী অনুষ্ঠান



৮ অক্টোবর-২০২০ বাংলাদেশ স্কাউটস ঢাকা অঞ্চলের পরিচালনায় বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের ব্যবস্থপনায় বাংলাদেশ স্কাউটস ঢাকা জেলা রোভারের অন্তর্গত জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের সহযোগিতায় ৪৮০তম স্কাউট লিডার বেসিক কোর্স সমাপনী বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল এর উপ-পরিচালক ও ৪৮০তম স্কাউট লিডার বেসিক কোর্সের কোর্স লিডার মোহাম্মদ আবুল খায়ের এর-সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



সমাপনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের রোভার স্কাউট লিডার ও সম্পাদক, অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার।  
এছাড়াও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মোস্তফা কামাল সহ অন্যান্য শিক্ষক ও রোভারবৃন্দ।

এছাড়াও জবি রোভার এর ৪ জন সদস্য ২৭ সেপ্টেম্বর থেকে ১ অক্টোবর-২০২০, পর্যন্ত ১৫০ কিলোমিটার পায়ে হেঁটে পরিভ্রমণ সম্পন্ন করেন। এই উপলক্ষে তারা উপাচার্য ও ট্রেজারার-এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।